মাইডাস | MIDAS
Since 1982
MIDAS Centre (11th Floor), Plot-5, Road-16 (Old-27), Dhanmondi, Dhaka-1209, Bangladesh
GPO Box- 800, Dhaka-1000, Tel. PABX : +88 02 41021281, 02 41021282, 02 41021283, Fax : 02 41021284
E-mail: info@midas.org.bd, midasbd1982@gmail.com, Web: www.midas.org.bd

তারিখ: ১১ই সেপ্টেম্বর, ২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি (বাংলা)

আজ মাইডাসের উদ্যোগে ৩-দিন ব্যাপী '**মাইডাস এসএমই শরৎ মেলা - ২০২৫**' এর আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে। উক্ত মেলা মাইডাস সেন্টার (১২ তলা), বাড়ি-৫, সড়ক-১৬ (পুরাতন ২৭), ধানমন্ডি, ঢাকায় ১১ থেকে ১৩ই সেপ্টেম্বর, ২০২৫ (বৃহস্পতি থেকে শনিবার) সকাল ১০টা থেকে রাত ৯টা অবধি চলবে।

১১ই সেপ্টেম্বর, ২০২৫ বিকাল ৪ টায় এসএমই শরৎ মেলার উদ্বোধনী পর্বে সম্মানিত অতিথি হিসাবে বক্তব্য রাখেন:

- জনাব ড: মুহাম্মদ আবদুল মজিদ, চেয়ারম্যান, সোস্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন
- জনাব মো: মুশফিকুর রহমান, চেয়ারম্যান, এসএমই ফাউন্ডেশন
- জনাব আতাউল হাকিম, বোর্ড ডাইরেক্টর, মাইডাস ফাইন্যান্সিং পিএলসি, এবং
- জনাব মো: মোস্তাক আহমেদ, উপ-ব্যবস্থাপনা পরিচালক ও চীফ ইমার্জিং মার্কেট অফিসার, ঢাকা ব্যাংক পিএলসি
- জনাব ড: তারিকুল ইসলাম, কান্ট্রি ডিরেক্টর, ম্যাক্স ফাউন্ডেশন

অনুষ্ঠানে সভাপতির বক্তব্য প্রদান করেন মাইডাস পরিচালনা পর্ষদের চেয়ারপার্সন মিজ্ পারভিন মাহমুদ এফসিএ। মাইডাস-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মো: খাইরুল বাশার অনুষ্ঠানে সমাপনী বক্তব্য রাখেন। এছাড়াও উচ্চপদস্থ সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান প্রতিনিধি, মাইডাসের কর্মকর্তাবৃন্দ এবং অন্যান্য আমন্ত্রিত অতিথিগণ উদ্বোধনী পর্বে উপস্থিত ছিলেন। বক্তৃতা পর্ব শেষে রিবন কাটিং-এর মাধ্যমে সম্মানিত অতিথিগণ ৩ দিন ব্যাপী মেলার উদ্বোধন করেন।

মেলায় মোট ৬০ জন নারী ও যুব উদ্যোক্তাদের অংশগ্রহণে তৈরি পোশাক, জুয়েলারি ও অন্যান্য আকর্ষণীয় পণ্য প্রদর্শন ও বিক্রয় হচ্ছে। প্রতিদিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত মেলা সবার জন্য উন্মুক্ত থাকবে।

মোঃ খাইরুল বাশার
**ব্যবস্থাপনা পরিচালক**
Cell # 01911397959